অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 9/21/2021 **গভর্নর ক্যাথি হোচুল**

গভর্নর হোচুল স্টেটব্যাপী নতুন বায়ুর মান মনিটরিং উদ্যোগের কথা ঘোষণা দিয়েছেন, যা মার্কিন যুক্তরাষ্ট্রের মধ্যে এই ধরণের প্রথম উদ্যোগ

দূষণের দ্বারা ঐতিহাসিকভাবে অতিরিক্ত ক্ষতিগ্রস্ত কমিউনিটিতে স্টেট হাইপারলোকাল বায়ুর মান মূল্যায়ন কার্যক্রম পরিচালনা করবে, বায়ু দূষণ এবং জলবায়ু পরিবর্তনকারী গ্রিন হাউজ গ্যাস কমাতে নির্দিষ্ট কৌশল অবলম্বন করবে

DEC কমিউনিটির বায়ু দূষণ মনিটরিং ক্ষমতা সৃষ্টিতে পরিবেশগত ন্যায়বিচার সংস্থাগুলিকে অনুদান প্রদান করবে যাতে স্থানীয় ইনপুট এবং অংশগ্রহণ নিশ্চিত করা যায়

উদ্যোগটি 2050 সাল নাগাদ গ্রিন হাউজ গ্যাস নির্গমন 85 শতাংশ কমিয়ে আনার নিউ ইয়র্কের উচ্চাভিলাষী লক্ষ্য পূরণে সহায়তা করবে এবং জনস্বাস্থ্য রক্ষা করবে

ভর্নর ক্যাথি হোচুল আজকে স্টেটজুড়ে অনগ্রসর সম্প্রদায়ে বায়ুর মান মনিটরিং করার এবং প্রাপ্ত তথ্য ব্যবহার করে এই সম্প্রদায়গুলিতে জলবায়ু পরিবর্তনকারী গ্রিন হাউজ গ্যাস সহ দূষণ কমানোর জন্য নির্দিষ্ট কৌশল তৈরির জন্য একটি ঐতিহাসিক নতুন প্রচেষ্টার ঘোষণা দিয়েছেন। স্টেটব্যাপী এই কমিউনিটির বায়ুর মান মনিটরিং প্রচেষ্টা মার্কিন যুক্তরাষ্ট্রে নেওয়া সর্ববৃহৎ উদ্যোগ।

স্টেটের ডিপার্টমেন্ট অফ এনভায়রনমেন্টাল কনজারভেশন (Department of Environmental Conservation, DEC) এবং নিউ ইয়র্ক স্টেট এনার্জি রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্ট অথরিটি (New York State Energy Research and Development Authority, NYSERDA) স্টেটজুড়ে প্রচেষ্টার তত্ত্বাবধান করবে, যা নিশ্চিত করবে যে নিউ ইয়র্কবাসীরা স্টেটের ল্যান্ডমার্ক ক্লাইমেট লিডারশিপ অ্যান্ড কমিউনিটি প্রোটেকশন অ্যাক্ট (Climate Leadership and Community Protection Act, CLCPA) এর অধীনে গ্রিন হাউজ গ্যাস কমানোর প্রচেষ্টা থেকে সুবিধা লাভ করে। পরিবেশ সপ্তাহ (Climate Week) 2021 চলাকালীন ঘোষিত, বায়ুর মান মনিটরিং প্রচেষ্টা নিউ ইয়র্ক স্টেটের 2050 সাল নাগাদ গ্রিন হাউজ গ্যাস নির্গমন 85 শতাংশ কমানোর উচ্চাভিলাষী লক্ষ্যকে সমর্থন করবে।

"আমাদের অধিকাংশ অর্থনীতিকভাবে অনগ্রসর সম্প্রদায়গুলি দূষণ এবং জলবায়ু পরিবর্তনের ক্ষতিকর প্রভাব দ্বারা সবচেয়ে বেশি ক্ষতিগ্রস্ত হয়," **গভর্নর হোচুল বলেন।** "এই নতুন

উদ্যোগের মাধ্যমে আমরা সর্বশেষ, অত্যাধুনিক প্রযুক্তি মোতায়েন করছি যাতে নিউ ইয়র্ক স্টেটজুড়ে সম্প্রদায়গুলিতে বায়ুর মান পরীক্ষা করা যায় এবং এই অবিচার নির্মূলের জন্য দূষণ কমাতে বিশেষজ্ঞদের সাথে কাজ করছি, যে অবিচার বহুকাল ধরে আমাদের স্টেটের অরক্ষিত অংশগুলির উপর অতিরিক্ত বোঝা চাপিয়ে দিয়েছে।"

স্টেটের ক্লাইমেট জাস্টিস ওয়ার্কিং গ্রুপ (Climate Justice Working Group) এবং সম্প্রদায়ের নেতৃবৃন্দের সাথে কাজ করে DEC এবং NYSERDA হাইপার লোকাল মনিটরিং প্রযুক্তি মোতায়েন করে বায়ুর মান সংক্রান্ত তথ্য সংগ্রহ করার জন্য 10টি এলাকা নির্ধারণ করবে। লোকেশনগুলির মধ্যে আপস্টেট এবং ডাউনস্টেটের একাধিক অনগ্রসর সম্প্রদায় থাকবে। মনিটরিং এর মধ্যে অন্তর্ভুক্ত থাকবে জলবায়ু পরিবর্তনকারী গ্রিন হাউজ গ্যাস নিঃসরণ এবং অন্যান্য সহ দূষক যা জনস্বাস্থ্যকে ক্ষতিগ্রস্ত করে। মনিটরিং মোট পাঁচ মিলিয়ন নিউ ইয়র্কবাসী অধ্যুষিত এলাকার বায়ুর মানের একটি ব্যাপক চিত্র তুলে ধরবে। এই মনিটরিং প্রচেষ্টার ফলাফল বায়ু দূষণের কারণে গুরুতরভাবে ক্ষতিগ্রস্ত সম্প্রদায়ে নিঃসরণ কমাতে জলবায়ু আইনের (Climate Law) নির্দেশনাকে অগ্রসর করবে এবং দূষণের কারণে জনস্বাস্থ্যের ক্ষয়ক্ষতি কমাতে সাহায্য করবে, যার মধ্যে রয়েছে ফুসফুসের ক্যান্সার, অ্যাজমা, হৃদরোগ এবং অকাল মৃত্যুর উচ্চ হার।

DEC কমিউনিটি বায়ু মনিটরিং প্রোগ্রাম তত্ত্বাবধান করবে, যা সবচেয়ে বেশি বায়ুর মানের প্রভাবের সম্মুখীন এলাকাগুলিকে চিহ্নিত করবে এবং স্টেটকে আরও ভালোভাবে প্রশমন কার্যক্রম পরিচালনা করতে সহায়তা করবে, যার মধ্যে রয়েছে কার্বন-মুক্ত বিনিয়োগের একটি অংশ, যা ঐসব এলাকায় করা হবে যেখানে এই ধরণের বিনিয়োগ জনস্বাস্থ্য এবং জলবায়ু সুবিধায় সবচেয়ে বেশি ভূমিকা রাখতে পারবে। মনিটরিং বায়ু দূষণ এবং গ্রিন হাউজ হ্যাসের পরিমাপ করে হাইপারলোকাল বায়ুর মানের চিত্র মিউনিসিপালিটি এবং গবেশকদের কাছে তুলে ধরবে।

DEC এর কমিশনার ও ক্লাইমেট অ্যাকশন কাউন্সিল (Climate Action Council) এর সহ-সভাপতি বেসিল সেগগোস বলেন, "স্টেটব্যাপী এই মনিটরিং প্রচেষ্টা অ্যালবানির সাউথ এন্ডে DEC এর বহু-বছরব্যাপী, অত্যাধুনিক বায়ুর মান গবেষণার উপর ভিত্তি করে গড়ে উঠেছে, যা ঐএলাকার বায়ু দূষণ চিহ্নিত করে এবং তা মোকাবেলায় পদক্ষেপ ত্বরান্বিত করে। গবেষণাটি স্থানীয় বাসিন্দাদের সাথে মিলে নকশা এবং পরিচালিত হয়েছিল এবং অন্যান্য সম্প্রদায়ের জন্য অনুকরণযোগ্য একটি উদ্ভাবনী মডেল হিসাবে কাজ করে। অনগ্রসর সম্প্রদায়গুলি প্রায়ই বায়ুর নিম্ন মানের কারণে অসমানুপাতিক হারে ক্ষতিগ্রস্ত হয়, কারণ সেগুলির অবস্থান পাওয়ার প্ল্যান্ট, পরিবহন স্থাপনা, বন্দর, টার্মিনাল এবং বায়ু দূষণের অন্যান্য উৎসের কাছাকাছি হয়। আজকে, গভর্নর হোচুলের নেতৃত্বে, স্টেটজুড়ে সম্প্রদায়গুলি দ্রুতই তাদের এলাকার বায়ুর মান সম্পর্কে জানতে পারবে এবং জলবায়ু পরিবর্তনকারী নিঃসরণ কমানোর পাশাপাশি নিউ ইয়র্কের উচ্চাভিলাষী জলবায়ু লক্ষ্যমাত্রা পূরণে বায়ুর মান উন্নয়নের কৌশল বিকাশে আমাদের সাথে কাজ করবে।"

NYSERDA এর প্রেসিডেন্ট ও প্রধান নির্বাহি কর্মকর্তা (CEO) এবং ক্লাইমেট অ্যাকশন কাউন্সিলের সহ-সভাপতি ডোরিন এম হ্যারিস বলেন, "নিউ ইয়র্কের সবচেয়ে অনগ্রসর বাসিন্দাদের অনেক বড় একটি সংখ্যা ঐতিহাসিকভাবে এবং অযাচিতভাবে একটি স্বাস্থ্যকর

জীবনযাপনের উপর বায়ু দূষণের ক্ষতিকর প্রভাবের মুখোমুখি হয়েছে। গভর্নর হোচুলের নেতৃত্বে, আমরা এই ঐতিহাসিক বায়ুর মান মনিটরিং প্রোগ্রাম বাস্তবায়নের মাধ্যমে এই গুরুত্বপূর্ণ সমস্যাকে সামনে থেকে মোকাবেলার জন্য মুখিয়ে আছি যা স্টেটজুড়ে সম্প্রদায়গুলিতে জলবায়ু পরিবর্তন মোকাবেলা এবং জনস্বাস্থ্যের উন্নয়নে আমাদের সর্বোপরি কাজের অংশ।"

আপরোজ (UPROSE) এর এক্সিকিউটিভ ডিরেক্টরএলিজাবেথ ইম্পিয়ের বলেন, "প্রজন্মের পর প্রজন্ম ধরে কৃষ্ণাঙ্গ, বাদামী, নিম্ন আয়ের সম্প্রদায়গুলি বায়ু দূষক অবকাঠামোর অনিচ্ছুক আয়জকের দায়িত্ব পালন করেছে, যার মধ্যে রয়েছে জীবাশ্ম জ্বালানী প্লান্টের বিষাক্ত নিঃসরণ, হাইওয়ে, কঠিন বর্জ্য এবং ডিজেল ট্রাক - যা ঐতিহাসিকভাবে স্বাস্থ্য সুবিধায় অসমতা তৈরি করেছে। আমরা শুনে উৎসাহিত যে আজকে স্টেটের ঘোষণায় 2019 সালে যে সম্প্রদায়ের নেতৃত্বে ক্লাইমেট লিডারশিপ অ্যান্ড কমিউনিটি প্রোটেকশন অ্যাক্ট পাশ হয় তা বাস্তবায়ন হয়েছে। সমতায় অন্তর্নিহিত স্থানীয় জলবায়ু সমাধানগুলি কার্যকর করতে অনগ্রসর সম্প্রদায়ে বিনিয়োগ এবং তাদের সাথে কাজ করার না কোন অজুহাত বা বিকল্প নেই।"

পুশ বাফেলোর (PUSH Buffalo) এক্সিকিউটিভ ডিরেক্টর এবং ক্লাইমেট জাস্টিস ওয়ার্কিং গ্রুপের সদস্য রাওয়া ঘিরমাতজিয়ন বলেন, "ক্লাইমেট লিডারশিপ অ্যান্ড কমিউনিটি প্রোটেকশন অ্যাক্টের দ্রুত বাস্তবায়নের মাধ্যমে জলবায়ু পরিবর্তন সংকট মোকাবেলায় গভর্নর হোচুলের প্রতিশ্রুতির ব্যাপারে আমি উৎসাহী। সম্প্রদায় পর্যায়ে বায়ুর মান মনিটরিং এর আজকের খবর এবং সরাসরি সম্প্রদায় পর্যায়ের সংস্থার সাথে কাজ করার ব্যাপারে জলবায়ু ন্যায়বিচার নেতৃবৃন্দ বহু বছর ধরে সুপারিশ করে আসছেন।"

উই অ্যাক্ট ফর এনভায়রনমেন্টাল জাস্টিস (WE ACT For Environmental Justice) এর এক্সিকিউটিভ ডিরেক্টর পেগি শেপার্ড বলেন, "গবেষণায় দেখা যায় যে বায়ু দূষণের দ্বারা অসমানুপাতিক হারে প্রভাবিত অঞ্চলে বসবাসকারী নিউ ইয়র্কবাসীদের স্বাস্থ্যের উপর বায়ু দূষণের প্রভাব মারাত্মক। এই বায়ুর মান মনিটরিং উদ্যোগ হাইপারলোকাল উপাত্তের যোগাড়ে গুরুত্বপূর্ণ হবে যা গ্রিন হাউজ গ্যাস নিঃসরণ এবং ক্ষতিগ্রস্ত সম্প্রদায়ে স্বাস্থ্যের উপর নেতিবাচক প্রভাব ফেলা সহ দূষক পদার্থ কমানোর জন্য প্রয়োজনীয়। গভর্নরের কাছ থেকে আসা খবরটি অসাধারণ।"

নিউ ইয়র্ক সিটি এনভায়রনমেন্টাল জাস্টিস অ্যালায়েন্সের (New York City Environmental Justice Alliance) এক্সিকিউটিভ ডিরেক্টর এডি বতিস্তা বলেন, "এই শহর জুড়ে সম্প্রদায়গুলি অ্যাজমা এবং অন্যান্য দীর্ঘমেয়াদী স্বাস্থ্য সমস্যায় জর্জরিত যার কারণ বায়ু দূষণ যা সামাজিক এবং অর্থনৈতিক অসমতায় প্রভাব ফেলে এবং একসাথে তাদের সমৃদ্ধির ক্ষমতাকে নেতিবাচকভাবে প্রভাবিত করে। গভর্নর হোচুলের নতুন বায়ুর মান মনিটরিং উদ্যোগ কিভাবে বায়ু দূষণ আমাদের প্রভাবিত করে সেই সম্পর্কে নির্দিষ্ট তথ্য প্রদান করবে এবং আমাদের জলবায়ুকে উন্নত করতে সমাধান খুঁজে বের করার সুযোগ দেবে, এবং একই রকমভাবে গুরুত্বপূর্ণ, যেসব মানুষ ভারী ইন্ডাস্ট্রিয়াল এলাকায় বসবাস করে, তাদের জন্য একটি স্বাস্থ্যকর ভবিষ্যৎ তৈরিতে আমাদের সক্ষম করবে।"

আমেরিকান লাং অ্যাসোসিয়েশনের ডিরেক্টর অফ অ্যাডভোকেসি ফর নিউ ইয়র্ক স্টেট ট্রেভর সামারফিল্ড বলেন, "আমেরিকান লাং অ্যাসোসিয়েশন নিউ ইয়র্ক স্টেটজুড়ে বায়ু দূষণের দ্বারা সবচেয়ে বেশি ক্ষতিগ্রস্ত সম্প্রদায়গুলির প্রয়োজন মেটাতে গভর্নর হোচুলের আজকের সাহসী পদিক্ষেপকে সাধুবাদ জানায়। সহজভাবে, নিউ ইয়র্কবাসীরা তাদের অস্বাস্থ্যকর বায়ুর স্তর না জেনে প্রয়োজনীয় পরিবর্তন দাবী করতে পারবে না, তাই এই উদ্যোগ আমাদের সম্প্রদায়গুলির কাছে ক্ষমতা ফেরত দেয়। ক্লাইমেট লিডারশিপ অ্যান্ড কমিউনিটি প্রোটেকশন অ্যাক্টের প্রয়োজনীয়তার ঊর্ধ্বে গিয়ে বায়ুর মান মনিটরিং এ আরও বিনিয়োগ করার মাধ্যমে, গভর্নর হোচুল নিউ ইয়র্কবাসীদের জন্য পরিষ্কার, স্বাস্থ্যকর বায়ু নিশ্চিত করার জন্য প্রয়োজনীয় নেতৃত্বের প্রমাণ দিচ্ছেন।"

NYSERDA এর রিজিয়নাল গ্রিন হাউজ গ্যাস ইনিশিয়েটিভ (Regional Greenhouse Gas Initiative, RGGI) এর মাধ্যমে কমিউনিটির বায়ু মনিটরিং প্রচেষ্টার তহবিল বিতরণ করবে। কমিউনিটির বায়ু মনিটরিং প্রচেষ্টায় সম্প্রদায়ের সর্বাঙ্গীণ অংশগ্রহণ নিশ্চিত করতে, DEC এর এনভায়রনমেন্টাল জাস্টিস প্রোগ্রাম কমিউনিটি এয়ার মনিটরিং ক্যাপাসিটি বিল্ডিং গ্রান্ট প্রোগ্রাম পরিচালনার জন্য 500,000 মার্কিন ডলার পর্যন্ত প্রদান করবে যা মাঠ পর্যায়ে কাজ করা কমিউনিটি দলগুলির স্টেটজুড়ে বায়ুর মান মনিটরিং নেটওয়ার্ক তৈরিতে এবং পরিচালনায় অবদান রাখার ক্ষমতা বৃদ্ধি পায়। কমিউনিটির দলগুলির এই বর্ধিত ক্ষমতা স্থানীয় এলাকায় কার্বন-মুক্ত প্রযুক্তি বিনিয়োগ চিহ্নিত এবং বাছাই করার ক্ষেত্রে আরও বেশি অবদান রাখার সুযোগ দেবে। আগামী বছরের বাজেটে নিঃসরণ রোধ কৌশল তৈরিতে অংশগ্রহণ বৃদ্ধির জন্য বাড়তি তহবিল থাকবে।

কমিউনিটি এয়ার মনিটরিং ক্যাপাসিটি বিল্ডিং গ্রান্ট স্টেটের পরিবেশ সুরক্ষা তহবিল (Environmental Protection Fund, EPF) থেকে সমর্থিত হবে। EPF 1994-1995 অর্থবছরের 31 মিলিয়ন মার্কিন ডলারের মূল বিনিয়োগ থেকে 300 মিলিয়ন মার্কিন ডলারে উন্নীত হয়েছে। 2022 অর্থবছরের প্রণীত বাজেটে EPF এর জন্য 300 মিলিয়ন মার্কিন ডলার অর্থ বরাদ্দ অব্যাহত রয়েছে, যা এই কর্মসূচির ইতিহাসে সর্বোচ্চ বরাদ্দ। এতে রয়েছে কঠিন বর্জ্য কর্মসূচিতে 40 মিলিয়ন মার্কিন ডলার, পার্ক ও বিনোদনে 90 মিলিয়ন মার্কিন ডলার, খোলা স্থানের কর্মসূচিতে 151মিলিয়ন মার্কিন ডলার এবং জলবায়ু পরিবর্তন প্রশমন ও অভিযোজন কর্মসূচিতে 19 মিলিয়ন মার্কিন ডলার। এই বিনিয়োগ যেমন জমি অধিগ্রহণ, কৃষিজমি রক্ষা, ইনভেসিভ প্রজাতি প্রতিরোধ এবং নির্মূল, বর্ধিত বিনোদনমূলক প্রবেশাধিকার, পানির গুণগত মান উন্নতি এবং একটি প্রতিবাদী হিসাবে সমালোচনামূলক পরিবেশগত ন্যায়বিচারের এজেন্ডার মতো প্রোগ্রামের জন্য অর্থায়ন প্রদান করবে।

###

অতিরিক্ত সংবাদ পাওয়ে যাবে www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন